শেখ হাসিনার উদ্যোগ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

মুজিব শতবর্ষ — পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২০২০. ৫২৮৮ তারিখঃ ২৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ ০৯/১১/২০২০খ্রিস্টাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্নিত শূন্য পদ পূরনের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার টেস্টারগণের মধ্য হতে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | মিটার টেস্টিং সুপারভাইজার | (ক) মিটার টেস্টার পদে যে কোন পবিস এ ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) কম্পিউটর পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) মিটার মেরামত ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে কারিগরী জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>(গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লেখিত বিধান/শর্তাদি পুরণ করতে হবে।<br>(ঘ) মিটার টেস্টার পদে সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমুল্যায়ন রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>(ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে। |

শর্তাবলীঃ

**০১। আবেদন করার নিয়মাবলীঃ**

আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক ( সাইজের কাগজে) স্বহস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ০৫/১২/২০২০খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এ'উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নেবর্নিত কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের অনুলিপি ।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের অনুলিপি।
(গ) বিগত ০৩(তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের অনুলিপি ।
(ঘ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।
(ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/ না থাকে) এর প্রত্যয়নপত্র।
(চ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(ছ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১(এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতরে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না; (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

অঃপৃঃদ্রঃ

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট '' পদ বিবরণী'' তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে । .
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ- এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ ( সংশোধিত ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। সংশোধিত নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (নেত্রকোনা সদর, পূর্বধলা, দূর্গাপুর, কলমাকান্দা, বারহাট্টা, মোহনগঞ্জ, আটপাড়া, মদন, খালিয়াজুরী,কেন্দুয়া ও সুনামগঞ্জ জেলার মধ্যনগর থানা সহ ধর্মপাশা উপজেলার স্থায়ী বাসিন্দা ) প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ ( সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক কেউ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কের কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে চাকুরীচ্যুত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

09/11/2020
( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।
০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...............১/২/৩/৪। | যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।
০৪। ডিজিএম, দূর্গাপুর/ মোহনগঞ্জ/কেন্দুয়া/পূর্বধলা/মদন জোনাল অফিস/(কারিগরী), নেত্রকোণা পবিস।
০৫। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/সদস্য সেবা/অর্থ), নেত্রকোনা পবিস।
০৬। এজিএম (ওএন্ডএম), কলমাকান্দা/আটপাড়া সাব জোনাল অফিস, নেত্রকোণা পবিস।
০৭। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
০৮। অফিস/মাস্টার কপি।

09/11/2020
( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)